

রাজ্জার কুকুরদের গান

শহরে যতই শপিং মল্  
শহরে যতই ফ্লাইওভার  
আমরা ততই কোণঠাসা আর  
আমরা ততই হঠাবাহার

উঠে যাবে যত ছোট দোকান  
উঠে যাবে যত চায়ের ঠেক  
আমরা ততই হারাতে থাকব  
নিভোনো উনুনে বাঁচানো সেক

চড়বে যতই হাইরাইজ  
ততই কমবে তেজ রোদের  
শীতে হি হি করে কাঁপব আমরা  
আসবে না কিছু মসনদের

শহরে যতই গরিব কমবে  
আমাদের খাওয়া জুটবে কম  
বড়লোকদের শহরে আমরা  
গোটা দুনিয়াতে একরকম

সাঁড়াশিতে ধরে চালান করবে  
মৃত্যু শিবিরে--- পিঁজরাপোল  
বিনা অপরাধে শুকিয়ে মরবো  
জবাবে হবেনা হট্টগোল

শহর হাসবে মার্ক্যারি দাঁতে  
গিলে খাবে মদ, চিবোবে হাড়  
আমরা তখন লুন্ধক হবো  
আকাশ কুকুর -- তারার হার

নবাণ ভট্টাচার্য

